গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
প্রশাসন-২ অধিশাখা
www.sid.gov.bd

নং-৫২.০০.০০০০.০০৬.২৭.৬৯৮.১৮- ৬২৮

তারিখঃ ১৭ মাঘ ১৪২৯ / ৩১ জানুয়ারি ২০২৩

বিষয়: ৩১ জানুয়ারি ২০২৩ তারিখ পরিষ্কার পরিচ্ছন্নতা বিষয়ক যৌথ কমিটির সভার কার্যবিবরণী।

সভার তারিখ : ৩১ জানুয়ারি ২০২৩, মঙ্গলবার
সময় : সকাল ১০.০০ ঘটিকা
স্থান : উপসচিব (প্রশাসন-২), কক্ষ নং-১১৩৭, (ব্লক-২), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
সভায় উপস্থিতি : পরিশিষ্ট "ক" (সংযুক্ত)

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কর্মকর্তাদের সমন্বয়ে পরিসংখ্যান ভবনে পরিষ্কার পরিচ্ছন্নতা ও নিরাপত্তা বিষয়ক যৌথ কমিটি অদ্য ৩১/০১/২০২৩ তারিখ সদস্যদের উপস্থিতিতে পরিসংখ্যান ভবনের সিঁড়ি, ছাদ, ছাদে স্থাপিত সোলার প্যানেল,ভবনের বেইজম্যান্ট, ক্যান্টিন, ছাদে স্থাপিত পানির ট্যাংকসহ অন্যান্য স্থান পরিদর্শন করা হয় এবং পরিদর্শন শেষে একটি সভা আহবান করা হয়।

০২। পরিসংখ্যান ভবনের সিঁড়ি, ছাদ, ছাদে স্থাপিত সোলার প্যানেল, করিডোর, ভবনের বেইজম্যান্ট এবং ক্যান্টিন পরিদর্শনকালে ভবনের নিরাপত্তা, পরিষ্কার-পরিচ্ছন্নতা, যত্রতত্র ছড়িয়ে ছিটিয়ে থাকা অপ্রয়োজনীয় আসবাবপত্র, বইপুস্তক ময়লা-আবর্জনা, ও অন্যান্য বিষয়াদির ব্যাপারে আরো সচেতনতাসহ ভবনের কর্ম-পরিবেশ, নিরাপত্তা সংক্রান্ত ও স্বাস্থ্যগত বিষয়গুলোর উপর সজাগ দৃষ্টি দিতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়।

সভায় বিভিন্ন বিষয়ে আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | পরিসংখ্যান ভবনে পানি ব্যবহার সংক্রান্ত | পরিদর্শন কালে দেখা যায় যে, পরিসংখ্যান ভবনের বিভিন্ন ফ্লোরের ওয়াশরুমের পানির কলগুলো নষ্ট হয়ে পানি বের হচ্ছে যাতে পানির অপচয় হচ্ছে। তাছাড়া দেখা যায় কর্মকর্তা/কর্মচারীগণ অপ্রয়োজনে পানি অপচয় করছে। যার জন্য ভবনের পানির বিল প্রতিমাসে বৃদ্ধি পাচ্ছে। পানি ব্যবহারে সচেতনতা বৃদ্ধির জন্য সকল-কে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়। নষ্ট পানির কলগুলো সংস্কারের কার্যক্রম চলমান রয়েছে। | বিবিএস |
| ২ | বিদুৎ সাশ্রয় সংক্রান্ত। | পরিসংখ্যান ভবনের বিদ্যুৎ বিল প্রতি মাসে সঠিকভাবে পরিশোধ করা হচ্ছে এবং বিদ্যুৎ সাশ্রয় চলমান রয়েছে যা নিম্নরূপ: গত জুলাই মাসে পরিসংখ্যান ভবনের বিদ্যুৎ বিল নভেম্বর/২২ ছিল ১০,০৯,৫১২/- টাকা এবং ডিসেম্বর মাসের বিদ্যুৎ বিল --------- টাকা। বিলগুলো পর্যালোচনা করে দেখা যায় যে, প্রতি মাসে বিলের পরিমান কমে আসছে। বিদ্যুৎ ব্যবহারে আরো সচেতনতার জন্য সকলকে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | বিবিএস |
| ৩ | নেটওয়ার্কিং সিস্টেম উন্নয়ন সংক্রান্ত। | পরিসংখ্যান ভবনের বিভিন্ন ফ্লোরে মোবাইল নেটওয়ার্ক ভালোভাবে কাজ করে না। সকল ফ্লোরে যাতে মোবাইল নেটওয়ার্ক ভালো পাওয়া যায় সে জন্য বাংলাদেশের ৪ টি মোবাইল ফোন কোম্পানির সাথে যোগাযোগ করে পরিসংখ্যান ভবনের ছাদে টাওয়ার স্থাপনের বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | বিবিএস |
| ৪ | পরিসংখ্যান দিবস/২০২৩ উপলক্ষ্যে পরিসংখ্যান ভবন পরিষ্কার সংক্রান্ত। | আগামী ২৭ ফেব্রুয়ারি ২০২৩ তারিখ দেশব্যাপী জাতীয় পরিসংখ্যান দিবস পালিত হবে। উক্ত দিবস পালন উপলক্ষ্যে পরিসংখ্যান ভবনের চারপাশ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মচারীদের নির্দেশনা দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | বিবিএস |

চলমান পাতা-২

| নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৬ | সোলার প্যানেলের ইনভাটার সংযোগ সংক্রান্ত। | পরিসংখ্যান ভবনের ছাদে স্থাপিত সোলার প্যানেলে সর্বমোট ১১ টি ইনভাটার রয়েছে যেগুলো বিদ্যুৎ উৎপাদনে সহায়তা করে। বর্তমানে ১০ টি ইনভাটারই অকেজো হয়ে রয়েছে যা থেকে বিদ্যুৎ উৎপাদন বন্ধ আছে। নষ্ট হয়ে থাকা ইনভাটারগুলো মেরামত অথবা নতুন ইনভাটার সংযোগ প্রদানের বিষয়ে কর্তৃপক্ষকে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | বিবিএস |
| ৭ | সকল ফ্লোর পরিষ্কার সংক্রান্ত। | পরিদর্শনকালে দেখা যায় যে, পরিসংখ্যান ভবনের অধিকাংশ ফ্লোর অপরিষ্কার, ময়লা আবর্জনায়, ধুলা-বালি পরে আছে। এসব ময়লার মধ্যে দাপ্তরিক কার্যক্রম অব্যাহত রয়েছে যা স্বাস্থ্যের জন্য ক্ষতিকর। এ বিষয়ে সকলকে সচেতন হওয়ার জন্য পত্র দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | বিবিএস |
| ৮ | পরিসংখ্যান ভবনের সামনে রাস্তায় ডিভাইডার সংক্রান্ত। | পরিসংখ্যান ভবনের গেইট বরাবর রাস্তায় কোন ডিভাইডার না থাকায় অত্র অফিসের কর্মকর্তাদের গাড়ি অনেক দূর দিয়ে ঘুরাতে হয়। পরিসংখ্যান ভবনের গেইট বরাবর একটি ডিভাইডার করে দেয়ার জন্য সিটি কর্পোরেশন এর সাথে যোগাযোগ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | বিবিএস |

০৩। সভায় আর কোনো আলোচনা না থাকায় আহবায়ক কর্তৃক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করা হয়।

মো: ফরিদ হোসেন
উপসচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
ও
সদস্য সচিব, পরিষ্কার পরিচ্ছন্নতা বিষয়ক যৌথ কমিটি

মো: ইমরান আহমেদ
উপসচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
ও
সদস্য, পরিষ্কার পরিচ্ছন্নতা বিষয়ক যৌথ কমিটি

মোহাম্মদ এনামুল হক
মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
ও
সদস্য, পরিষ্কার পরিচ্ছন্নতা বিষয়ক যৌথ কমিটি

মো: হারুনুর রশীদ
সহকারী পরিসংখ্যান কর্মকর্তা
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
ও
সদস্য, পরিষ্কার পরিচ্ছন্নতা বিষয়ক যৌথ কমিটি

এস. এম. আনিসুজ্জামান
পরিচালক (ভারপ্রাপ্ত)
এফএ এন্ড এমআইএস উইং
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
ও
আহবায়ক, পরিষ্কার পরিচ্ছন্নতা বিষয়ক যৌথ কমিটি